

ডরচেস্টার প্রাথমিক স্কুল



আদর্শ এবং মূল্যবোধ

ডরচেস্টার প্রাথমিক স্কুলে আমরা বিশ্বাস করি, শীর্ষস্থানীয় মান অর্জন করতে হলে উচ্চ মানের শিক্ষার পাশাপাশি শিশুদের শারীরিক এবং মানসিক বিকাশের প্রতি লক্ষ্য রাখতে হবে। আমাদের প্রত্যাশা এই যেন ছাত্র/ ছাত্রীরা আনন্দ পায় এবং বিশ্বাস করে যে তারা সমাদৃত ও মূল্যবান।

আমাদের আদর্শ কিছু মূল্যবোধের সমাহারে তৈরী: দায়িত্ব, সহানুভূতি, আত্মবিশ্বাস, অধ্যবসায়, কৌতুহল, সৃজনশীলতা এবং একতা।

আচরণ

ডরচেস্টার প্রাথমিক স্কুলে আমরা গঠনমূলক আলোচনায় বিশ্বাসী এবং তা প্রতিফলিত হয় তাদের আচরণ ও সিদ্ধান্ত গ্রহন ক্ষমতার উপর।

সাধারণ দিন

- ছাত্র/ ছাত্রীদেরকে স্কুলে 8:30 টা থেকে আসা শুরু করতে হবে এবং 8:45 টায় তাদের ক্লাস শুরু করার জন্য তাদের শ্রেণীকক্ষে থাকতে হবে।
- KS1 এ KS2 এর বিরতি সকাল 10:45 টা থেকে 11:05 টা।
- KS1 এর দুপুরের খাবারের সময় 12 টা - 1 টা এবং KS2 এর জন্য এটি 12:15 টা - 1:10 টা।
- KS1 এর আরেকটি ছোট বিরতি রয়েছে দুপুর 2 টায়।
- স্কুল সমাপ্ত হয় 3:15 টা।

বন স্কুল

প্রতি শেনীর সপ্তাহে একবার বন স্কুলে যেতে হয়।

পি.ই

ছাত্র/ ছাত্রীদেরকে পি.ই সপ্তাহে 2-3 বার এবং সেসব দিনে তাদের পি.ই কিটে স্কুলে আসা প্রয়োজন।

খেলার সময় এবং খাবারের সময়

- KS1 এ KS2 এর সকালের বিরতি সকাল 10:45 টা থেকে 11:05 টা।
- আমাদের প্লেপড শেড আছে যেখানে অনেক স্ক্যাপ উপকরণ দিয়ে তারা খেলতে পারে।
- প্রতিটি ছাত্র/ ছাত্রী বিনামূল্যে স্কুলের খাবার পাবে। তারা সকালে তাদের শ্রেণীকক্ষের শিক্ষককে জানিয়ে দিবে যে তারা স্কুলের খাবার বা প্যাক লাঞ্চ খাচ্ছে।

ইউনিফর্ম

<https://www.schoolwearinc.co.uk/school/dorchester-primary/>

বাড়ির কাজ

বাড়ির কাজ প্রতি শুক্রবার পিক ওফ দা উইক এর মাধ্যমে স্কুলের নিউজলেটারে ছাপানো হয়। ব্রোঞ্জ, সিলভার এবং গোল্ড কাজগুলি ঐচ্ছিক, তবে আশা করা হয়, বাচ্চারা বানান, টাইম টেবলস এবং রিডিং প্রতি সপ্তাহে ঘরে করবে।

প্রতিটি ছাত্র/ ছাত্রী একটি করে রিডিং রেকর্ড বই পাবে যেখানে তারা রোজকার পড়া রেকর্ড করে রাখবে।

উইলো ক্লাব

সব ছাত্র/ ছাত্রীর জন্য স্কুল শুরুর আগে ও পরে ক্লাবের সুবিধা রয়েছে। আপনি যদি আপনার সন্তানকে ক্লাবে দিতে চান তাহলে বুকিং এবং পেমেন্টের জন্য অফিসে যোগাযোগ করুন।

আরো বিস্তারিত জানতে আমাদের স্কুল প্রোম্পটাস দেখুন:

<https://www.dorchesterprimary.com/attachments/download.asp?file=335&type=pdf>